24-78

তারিখ 22 OCT 1995
পৃষ্ঠা ৭ কলাম ২

দৈনিক বাংলা

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ১১ মাসেও বিএ পরীক্ষার ফল প্রকাশিত হয়নি

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ পরীক্ষার ১১ মাস পরও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৩ সালের ডিগ্রী (পাস) পরীক্ষার ফল প্রকাশিত হয়নি। ফলে, ২০ হাজার পরীক্ষার্থী অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছে। গত বছরের নবেম্বরে অনুষ্ঠিত হয় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে সর্বশেষ ডিগ্রী পরীক্ষা।

জানা গেছে, পরীক্ষার ফলাফল প্রস্তুত প্রক্রিয়ায় নম্বর পত্রে ব্যাপক গরমিল, কাটাকাটি ও অনিয়ম ধরা পড়ায় ফল প্রকাশে বিলম্ব দেখা দিয়েছে।

অভিযোগে জানা যায়, পরীক্ষকগণ খাতা দেখার পর প্রধান পরীক্ষকের মাধ্যমে যে নম্বরপত্র পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দিয়েছেন তাতে ব্যাপক গরমিল, কাটাকাটি ও অনিয়ম ধরা পড়েছে।

নম্বরপত্র পরীক্ষক পরীক্ষার্থীদের নম্বরের যে লিষ্ট জমা দিয়েছিলেন তার মধ্যে কোন কোন নম্বরে কাটাকাটি করে নতুন নম্বর বসানো হয়েছে। প্রায় দু'শ পরীক্ষার্থীর নম্বর এভাবে কাটাকাটি করা হয়েছে।

পরীক্ষক যে নম্বর লিখে দিয়েছিলেন নতুন করে লেখা (কাটকাটির পর) নম্বর ক্ষেত্রবিশেষে তার দু'তিনগুন বেশী।

টেবুলেশন করার সময় নম্বর পত্রে 'কাটাকাটি' গরমিল ও অনিয়ম দেখে প্রথমে টেবুলেটরগণ সন্দেহ পোষণ করেন। পরবর্তীতে বিষয়টি পরীক্ষা নিয়ন্ত্রণ দফতরে জানানো হলে তারা বিষয়টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানান।

নম্বর পত্রে গরমিল ও অনিয়মের বিষয়টি তদন্ত করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদার্থ বিজ্ঞানের প্রফেসর এ কে এম আজাহারুল ইসলামকে প্রধান করে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছেন। তদন্ত কমিটি ইতোমধ্যে তাদের তদন্ত শুরু করেছেন।

ভাইস-চ্যান্সেলর প্রফেসর মুহাম্মদ ইউসুফ আলী ঘটনার সত্যতা স্বীকার করেছেন। অন্যদিকে, পরীক্ষা নিয়ন্ত্রক তদন্ত শেষ না হলে কিছু জানাতে অস্বীকার করেন।